সংবাদ

10 MAR 2008

নাজিরপুরে ১৩টি স্কুলে প্রধান শিক্ষকের পদ শূন্য

প্রতিনিধি, নাজিরপুর

নাজিরপুর উপজেলার ১৩টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকায় পাঠদান ব্যাহত হচ্ছে। আট বছর ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। উপজেলার সরকারি সিরাজুল হক উচ্চ বিদ্যালয়, কাইলানী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে। ২ থেকে ৫ বছর ধরে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে মালিখালী বালক উচ্চ বিদ্যালয়, মালিখালী বালিকা উচ্চ বিদ্যালয়, ইউনিয়ন একাডেমী মাধ্যমিক বিদ্যালয়, গীলাতলা মাধ্যমিক বিদ্যালয়, গোবর্ধন মাধ্যমিক বিদ্যালয়, দীঘিরজান মাধ্যমিক বিদ্যালয়, বরইবুনিয়া মাধ্যমিক বিদ্যালয়, বইরবনিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়, কলারদোয়ানিয়া মাধ্যমিক বিদ্যালয়, লেবুজিল বুনিয়া নিম্নমাধ্যমিক বিদ্যালয় ও রঘুনাথপুর হক মাধ্যমিক বিদ্যালয়।

এসব বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা ২ থেকে ৫ বছর আগে অব্যাহতি নিলেও আজ পর্যন্ত প্রধান শিক্ষক নিয়োগ করা হয়নি।

একদিকে শিক্ষক নিয়োগ ম্যানেজিং কমিটির অর্থ বাণিজ্য, অন্যদিকে যোগ্য শিক্ষকের অভাবে এসব শিক্ষা প্রতিষ্ঠান চলছে ঢিলেঢালাভাবে। নাজিরপুর সিরাজুল হক সরকারি বিদ্যালয়ে সহকারী শিক্ষক দিয়ে প্রধান শিক্ষকের কাজ চলছে ৮ বছর ধরে। নাজিরপুর উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা যায়, উপজেলার ৭১টি স্কুল, কলেজ ও মাদ্রাসার মধ্যে ১৩ স্কুল, ৪টি মাদ্রাসা, ১টি কলেজ ও ১টি টেকনিক্যাল কলেজের প্রতিষ্ঠান প্রধানের পদ শূন্য রয়েছে।